



Embassy of the People's Republic of Bangladesh in Jakarta

Jl. Jaya Mandala Raya No. 93, Menteng Dalam, Tebet, Jakarta, Selatan 12780

Tel: (62-21)-22835476, (62-21)-22835477, Fax: (62-21)-28543765

Email: mission.jakarta@mofa.gov.bd, bdootjak@yahoo.com



নং-বিইজে-কনস-১২(১০)/২০১৫

তারিখঃ ০৫ মে ২০২০

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দূতাবাস আটকে পড়া (Stranded) বাংলাদেশি নাগরিকগণের স্বদেশ প্রত্যাবর্তনের নিমিত্ত বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়, ইন্দোনেশিয়ান পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ইন্দোনেশিয়ান দূতাবাস, ঢাকা এর মাধ্যমে ক্রমাগত প্রয়োজনীয় যোগাযোগ করে যাচ্ছে। এ বিষয়ে সর্বশেষ পরিস্থিতির আলোকে জানানো যাচ্ছে যে, Lion Air -এর একটি ফ্লাইট আগামী ৭ হতে ৯ মে ২০২০ তারিখের মধ্যে বাংলাদেশ থেকে ইন্দোনেশিয়ান নাগরিকগণদের প্রত্যাবর্তনের লক্ষ্যে জাকার্তা হতে ঢাকার উদ্দেশ্যে গমন করবে। এছাড়া Garuda Airlines -এর একটি ফ্লাইট বাংলাদেশ থেকে ইন্দোনেশিয়ান নাগরিকগণদের প্রত্যাবর্তনের লক্ষ্যে জাকার্তা হতে ঢাকার উদ্দেশ্যে পরবর্তিতে যাওয়ার সম্ভবনা রয়েছে। এখন পর্যন্ত কোন ফ্লাইট সিডিউল এবং জাকার্তা-ঢাকা রুটের ভাড়া কোন এয়ার লাইন্স নিশ্চিত করে নাই। এমতবস্থায়, যখনই Lion Air/Garuda Airlines কর্তৃক জাকার্তা-ঢাকা রুটের সিডিউল এবং এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত ভাড়া নিশ্চিত হওয়া যাবে, তৎক্ষণাৎ অত্র দূতাবাস কর্তৃক সংশ্লিষ্ট সকলকে (যারা Lion Air/Garuda Airlines কর্তৃক জাকার্তা-ঢাকা রুটে যাবার জন্য সম্মত হয়েছেন) দূতাবাসের Website -এ জানানো হবে। ইন্দোনেশিয়ান পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে কেবলমাত্র দূতাবাস কর্তৃক প্রেরিত নামের তালিকা বাংলাদেশি নাগরিকগণ সংশ্লিষ্ট ফ্লাইটের মাধ্যমে বাংলাদেশে প্রত্যাবর্তন করতে পারবেন।

দূতাবাস কর্তৃপক্ষ

“মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”

“Mujib Year's Diplomacy, Friendship & Prosperity”